



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউনিয়ন পরিষদ -১ শাখা  
www.lgd.gov.bd


শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৭  
০৭ মার্চ ২০২১

স্মারক নং-৪৬.০০.৮৭০০.০১৭.২৭.০০১.১৬-২৫৭

### বিষয়: কারণ দর্শানো নোটিশ

উপর্যুক্ত বিষয়ে আপনি জনাব মো: শামছুদ্দিন আল মাসুদ, চেয়ারম্যান, ০১নং জয়নগর ইউনিয়ন পরিষদ, কলারোয়া, সাতক্ষীরা-কে গত ২৩/১০/২০২০ হতে ২১/১১/২০২০ তারিখ পর্যন্ত কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে আমেরিকায় গমন করার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, সাতক্ষীরা এর সুপারিশ মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ০৭ মার্চ, ২০২১ তারিখের ২৫৬ নং স্মারকের প্রজ্ঞাপনে জনস্বার্থে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। কেন আপনাকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (ক) ও (জ) ধারার অপরাধে আপনার পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, সাতক্ষীরা এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মো: আবুজাফর রিপন)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৮৬৬০৫

ই-মেইল-up11gd@gmail.com

জনাব মো: শামছুদ্দিন আল মাসুদ  
চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত)  
১নং জয়নগর ইউনিয়ন পরিষদ  
কলারোয়া, সাতক্ষীরা।

### বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, সাতক্ষীরা (উল্লিখিত ইউপি চেয়ারম্যানের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক তাঁর জবাব সংগ্রহ করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কলারোয়া, সাতক্ষীরা।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

### অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।